



০০০০ ০০০০০
০০০০০০ ০০০০০০, ০০০০০০


Job Category: Security/Protective Services

Job Source: ০০০০০ ০০০০০০০০

Job Summary

Posted On: 17 Oct 2024

Application Deadline: 5 Nov 2024



বনপাড়া পৌরসভা
ডাকঘরঃ হারোয়া, উপজেলাঃ বড়াইগ্রাম, জেলাঃ নাটোর।
www.bonparapourashava.com

টেলিফোনঃ ০৭৭২৩-৫৬০৪৬ (ফ্যাক্স)
০৭৭২৩-৫৬২৫৩ (ফ্যাক্স)
e-mail: mayorbonpara@gmail.com

স্মারক নং-৪৬.০০.৬৯১৫.০০১.১১.০০২.২২-৩০৬

তারিখঃ ৩০ আশ্বিন ১৪৩১
১৫ অক্টোবর ২০২৪


নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ পৌর-১ শাখার স্মারক নং-৪৬.০০.০০০০.০৬৩.১১.০১২.২২-৮১৬, তাং-২৩-০৬-২০২৪ খ্রিঃ মূলে প্রাপ্ত ছাড়পত্র মোতাবেক ০৬ (ছয়)টি শূন্য পদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত পৌরসভা কর্মচারী চাকুরী বিধিমালা ১৯৯২ এর বিধান অনুযায়ী নিম্নলিখিত শর্তসাপেক্ষে জনবল নিয়োগের লক্ষ্যে পদ সমূহের পার্শ্বে উল্লেখিত যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হইতে সাদা কাগজে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাইতেছে।

ক্রম	পদের নাম	পদের সংখ্যা	বেতন ক্রম/বেতন স্কেল ২০১৫	বয়স সীমা	শিক্ষাগত যোগ্যতা
০১	বিল ক্লার্ক	০১ টি	৯৩০০-৯৭৭০-১০২৬০- ১০৭৮০-১১৩২০-১১৮৯০	১৮ থেকে ৩০ বৎসর	বীকৃত শিক্ষা বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক অথবা সমমানে পরীক্ষা পাস হইতে হবে।
০২	পাম্প চালক	০২ টি	৯৩০০-৯৭৭০-১০২৬০- ১০৭৮০-১১৩২০-১১৮৯০	-ঐ-	৮ম শ্রেণী পাস। সর্বমুঠ কাজে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। সার্টিফিকেটধারীপদকে অগ্রাধিকার দেওয়া হইবে।
০৩	পাইপ লাইন মেকানিক	০১ টি	৯০০০-৯৪৫০-৯৯৩০- ১০৪৩০-১০৯৮০-১১৫১০	-ঐ-	৮ম শ্রেণী পাস। পাম্প চালনা ও পানি সরবরাহের কাজে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।
০৪	অফিস সহায়ক	০১ টি	৮২৫০-৮৬৭০-৯১১০- ৯৫৭০-১০০৫০-১০৫৬০	-ঐ-	৮ম শ্রেণী পাস।
০৫	প্রহরী	০১ টি	৮২৫০-৮৬৭০-৯১১০- ৯৫৭০-১০০৫০-১০৫৬০	-ঐ-	৮ম শ্রেণী পাস এবং সূত্রম দেহের অধিকারী হইতে হবে।

আবেদনপত্র দাখিলের শর্তাবলী ও প্রয়োজনীয় তথ্যাদিঃ

- উপরে-বর্ণিত শূন্যপদে নিয়োগের ক্ষেত্রে আবেদনকারীকে প্রশাসক, বনপাড়া পৌরসভা, নাটোর বরাবর আবেদন করিতে হইবে।
- আবেদনপত্রের সাথে প্রশাসক, বনপাড়া পৌরসভা, নাটোর বরাবর যে কোন তফসিলী ব্যাংক হইতে ১-২নং ক্রমিকের জন্য ৩০০ (তিনশত) টাকা, ৩নং ক্রমিকের জন্য ২০০ (দুইশত) টাকা, ৪-৫নং ক্রমিকের জন্য ১০০ (একশত) টাকার অফিসেরযোগ্য ব্যাংক ড্রাফট সংযুক্ত করিতে হইবে।
- স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা প্রশাসক/নির্বাচন কর্মকর্তার প্রেরণ প্রাপ্ত প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকদের মূল কপি।
- শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং অভিজ্ঞতার সনদপত্রের (যদি থাকে) সত্যায়িত ফটোকপি। (যাকর্তব্য কাগজপত্রের ফটোকপি সমূহ ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নামসহ সীলমোহর থাকিতে হইবে)
- জাতীয় পরিচয়পত্রের (এন আই ডি) সত্যায়িত ফটোকপি।
- নিয়োগ সম্পর্কিত প্রচলিত সরকারি বিধিমালা ও সরকারের জারীকৃত সর্বশেষ কোটা নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হইবে।
- খাম ছাড়া কোন খোলা আবেদনপত্র গৃহীত হইবে না এবং খামের উপর পদের নাম ও নিজ জেলা স্পষ্টাক্ষরে উল্লেখ করিতে হইবে।
- আবেদনপত্রের সাথে স্পষ্টাক্ষরে লিখিত আবেদনকারীর নাম-ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার ডাকটিকিট যুক্ত ১০ ইঞ্চি x ৪.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম দিতে হইবে।
- আবেদনপত্র গ্রহণ ও বাতিলের ক্ষেত্রে কর্মচারী নিয়োগ ও বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
- যোগ্য প্রার্থীদের পরীক্ষার তারিখ, সময় ও স্থান উল্লেখসহ পরবর্তীতে প্রবেশপত্র ইস্যু করা হইবে।
- নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হইবে না।
- একই প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবে না।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকেই কর্তৃপক্ষ এই বিজ্ঞপ্তি আংশিক/সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


(মোঃ আশরাফুল ইসলাম)
 প্রশাসক
 বনপাড়া পৌরসভা, নাটোর।
 ও
 আঞ্চলিক
 কর্মচারী নিয়োগ ও বাছাই কমিটি।

ডিজি-১৬৯৩/২৪ (৭"×৪)